



# কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০৮১-৭০০৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ফ্যাক্স: ০৮১-৭০০৩৫, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./প্র.বি/২০০৯/৪৯৪

তারিখ: ২৩/০৯/২০২৪ খ্রি.

## প্রেস বিজ্ঞপ্তি

### ট্রেজারার হিসেবে যোগদান করলেন অধ্যাপক ড. মোহাম্মদ সোলায়মান

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার হিসেবে একই বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ সোলায়মান আজ সোমবার (২৩ সেপ্টেম্বর ২০২৪ খ্রি.) সকাল ৯.০০ ঘটিকায় যোগদান করেছেন। কুমিল্লা বিশ্ববিদ্যালয় আইন, ২০১৩ এর ১২ (১) ধারা অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি এবং বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর চার বছরের জন্য তাঁকে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে ট্রেজারার হিসেবে নিয়োগ দিয়েছেন।

যোগদান শেষে তিনি প্রশাসনিক ভবনস্থ সম্মেলন কক্ষে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, শিক্ষার্থী ও ছাত্র সমন্বয়ক, সাংবাদিক সমিতি ও প্রেস ক্লাবের সাথে মতবিনিময় করেন।

বৈষম্যবিরোধী আন্দোলনে শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে এবং তাঁদের আত্মার মাগফেরাত কামনা করে নবনিযুক্ত মাননীয় ট্রেজারার বলেন, আমি এই বিশ্ববিদ্যালয়ের একজন প্রতিষ্ঠাকালীন শিক্ষক হিসেবে এই বিশ্ববিদ্যালয়ের সার্বিক উন্নয়নে ভূমিকা রাখার সুযোগ পাওয়ায় মহান সৃষ্টিকর্তার নিকট শোকরিয়া আদায় করছি। বিশ্ববিদ্যালয়ের সকল ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীসহ সকলের নিকট সার্বিক সহযোগিতা চাই। তিনি বলেন, আমার উপর অর্পিত দায়িত্ব সম্পূর্ণ নিষ্ঠা ও সততার সহিত পালন করে কুমিল্লা বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নিতে সর্বদা সচেষ্ট থাকবো।

অধ্যাপক ড. মোহাম্মদ সোলায়মান বুড়িচং উপজেলার খাড়াতাইয়া গ্রামের একটি সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে কৃতিত্বের সহিত স্নাতক সম্মান ও স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করেন। এরপর ইউনিভার্সিটি মালয়েশিয়া পার্লিস থেকে ২০১৭ সালে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। তিনি ২০০৭ সালে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে লেকচারার হিসেবে শিক্ষকতা শুরু করেন। বিশ্ববিদ্যালয়ে গবেষণায় তাঁর বেশ সুনাম রয়েছে। ২৫টির বেশি গবেষণা নিবন্ধ স্থানীয় এবং স্কোপাস লিস্টেড আন্তর্জাতিক জার্নালে প্রকাশিত হয়েছে। তিনি এর আগে বিভাগের চেয়ারম্যান, নিজ বিভাগের প্রোগ্রাম ডিরেক্টর, এমবিএ ইভিনিং প্রোগ্রাম, ছাত্র উপদেষ্টা, নিজ বিভাগের OBE কারিকুলামের চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টর এবং নবাব ফয়জুল্লাহ চৌধুরাণী হলের হাউস টিউটর হিসাবে দায়িত্ব পালন করেছেন।

তিনি বিকাল ৫টায় বৈষম্যবিরোধী আন্দোলনে আহত বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক ড. কামরুন নাহারের সন্তান কুমিল্লা ইম্পাহানী স্কুল এন্ড কলেজের দশম শ্রেণির ছাত্র মেঘ-কে দেখতে যান।

(মোহাম্মদ এমদাদুল হক)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

কুমিল্লা বিশ্ববিদ্যালয়